

নারীপক্ষ

র্যাংগস নীলু স্কয়ার (৫ম তলা) বাড়ি-৭৫, সড়ক-৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯, বাংলাদেশ।
ফোন: ৮৮০-২-৯১২২৪৭৪, ৫৮১৫৩৯৬৭ফ্যাক্স: ৮৮০-২-৯১২২৪২৭, ই-মেইল: naripokkho@gmail.com ওয়েবসাইট: www.naripokkho.org.bd

স্মারক নং না.প ০৯/২০২২- ৩১১

১৩আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে সাধারণ শিক্ষার্থীদের ওপর ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠনের নেতা-নেত্রীদের বর্বর নির্যাতন বন্ধে এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হোক

প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে সাধারণ শিক্ষার্থীদের ওপর চলছে ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠনের নেতা-নেত্রীদের বর্বর নির্যাতন, যার কিছু কিছু খবর বিভিন্ন প্রচারমাধ্যমসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে মাঝে মাঝে প্রকাশ হয়ে পড়ে। এরমধ্যে এখন সর্বাধিক আলোচনায় আছে ইডেন মহিলা কলেজ। এই কলেজ ছাত্রীনিবাসগুলোর বেশীরভাগ কক্ষের নিয়ন্ত্রণই ছাত্রলীগের হাতে। তারা সেখানে টাকার বিনিময়ে ছাত্রীদের ওঠান। ছাত্রীদের দলীয় কর্মসূচিতে যেতে বাধ্য করেন। কোন ছাত্রী তাদের কথামতো না চললে বা দাবিমতো টাকাপয়সা না দিলে তার উপর চলে বর্বর শারীরিক ও মানসিক নির্যাতন-নিপীড়ন, যেমন: লাঠি বা লোহার রড দিয়ে পেটানো, চড়-থাপ্পড় মারা, গায়ে গরম চা/পানি ঢেলে দেয়া, অনৈতিক কাজের প্রস্তাব দেয়া বা অনৈতিক কাজ করতে বাধ্য করা, বিবস্ত্র ভিডিও ভাইরাল করে দেয়ার হুমকি দেয়া, হল থেকে বের করে দেয়া, ইত্যাদি। আশ্চর্য এবং দুঃখজনকভাবে কলেজকর্তৃপক্ষ ঐ নেত্রীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা তো নেন-ই না, উপরন্তু ভুক্তভোগী ছাত্রীদেরকেই তাদের বাড়ি পাঠিয়ে দেয়ার অভিযোগ আছে!

এই চিত্র কেবল কোন একটি শিক্ষা প্রতিষ্ঠানের নয়, দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বছরের পর বছর ধরে চলছে ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠনগুলোর নেতা-নেত্রীদের এই বর্বর নির্যাতন-নিপীড়ন। নারীপক্ষ এই সকল ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে এবং সেইসাথে নারীপক্ষ সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষ, শিক্ষামন্ত্রী এবং রাজনৈতিক দলগুলোর কাছে জোর দাবি জানাচ্ছে যে, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে স্বাভাবিক শিক্ষা পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে সাধারণ শিক্ষার্থীদের ওপর ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠনের নেতা-নেত্রীদের বর্বর নির্যাতন বন্ধে এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হোক।

তারানা খান পপি

তারানা খান পপি
আন্দোলন সম্পাদক, নারীপক্ষ।

NARIPOKKHO

GPO Box-723, Dhaka-1000, Bangladesh, Phone: 880-2-9122474, 58153967, Fax: 880-2-9122427
E-mail: naripokkho@gmail.com, Website: www.naripokkho.org.bd